

বনিক বার্তা

বনিক বার্তা, ০৬-০৩-২০২৩, পৃষ্ঠা-১৪



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে পঞ্চম নেহরীন খান স্মৃতি বক্তৃতা

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে 'পঞ্চম নেহরীন খান স্মৃতি বক্তৃতা' অনুষ্ঠিত হয়েছে। গতকাল বিশ্ববিদ্যালয়ের মঞ্জুর এলাহী অডিটোরিয়ামে এ বক্তৃতা অনুষ্ঠানে মূল বক্তা ছিলেন ভারতীয় ইতিহাসবিদ এবং যুক্তরাষ্ট্রের শিকাগো বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক ডক্টর দীপেশ চক্রবর্তী। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ফখরুল আলম, ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ এয়ার কমডোর (অব.) ইশফাক ইলাহী চৌধুরী প্রমুখ। —বিজ্ঞপ্তি